

GOVERNMENT OF INDIA  
NATIONAL LIBRARY, CALCUTTA.

---

Class No.

Book No.

N. L. 38.

MGIPC—S8—21 LNL/59—25.5.60—50,000.

B  
954  
T 479: jh  
cop. 2

কালীর রানী


রবীন্দ্রনাথ ঠাকুর

The copy delivered is pursuant to.  
THE DELIVERY OF BOOKS  
(PUBLIC LIBRARIES) ACT, 1954.

বিশ্বভারতী

২ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় স্ট্রীট । কলিকাতা ১২

মে ১৯৫৭ খৃষ্টাব্দ  
বৈশাখ ১৮৭৯ শকাব্দ



...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...  
 ...

প্রবন্ধের প্রাথমিক খসড়া  
 রবীন্দ্রসদনে রক্ষিত পাণ্ডুলিপি হইতে

আমরা একদিন মনে করিয়াছিলাম যে, সহস্রবর্ষব্যাপী দাসত্বের নিপীড়নে রাজপুতদিগের বীরবাহি নিভিয়া গিয়াছে ও মহারাষ্ট্রীয়েরা তাহাদের দেশান্তরাগ ও রণকৌশল ভুলিয়া গিয়াছে, কিন্তু সেদিন বিদ্রোহের ঝটিকার মধ্যে দেখিয়াছি কত বীরপুরুষ উৎসাহে প্রজ্জলিত হইয়া স্বকার্ধ-সাধনের জন্ত সেই গোলমালের মধ্যে ভারতবর্ষের প্রদেশে প্রদেশে যুঝা-যুঝি করিয়া বেড়াইয়াছেন। তখন বুঝিলাম যে, বিশেষ বিশেষ জাতির মধ্যে যে-সকল গুণ নিদ্রিতভাবে অবস্থিতি করে এক-একটা বিপ্লে সেই-সকল গুণ জাগ্রত হইয়া উঠে। সিপাহি-যুদ্ধের সময় অনেক রাজপুত ও মহারাষ্ট্রীয় বীর তাহাদের বীর অস্বখা পথে নিয়োজিত করিয়াছিলেন

এ কথা স্বীকার করিলেও মানিতে হইবে যে, তাঁহারা যথার্থ বীর ছিলেন। তাঁতিয়াটোপী ও কুমারসিংহ ক্ষুদ্র দুইটি বিদ্রোহী মাত্র নহেন, ইতিহাস লিখিতে হইলে পৃথিবীর মহা মহা বীরের নামের পার্শ্বে তাঁহাদের নাম লিখা উচিত ; যে অশীতিবর্ষীয় অশ্বারোহী কুমারসিংহ লোল ক্র রজ্জুতে বাঁধিয়া দুই হস্তে কুপাণ লইয়া হাইলণ্ডর সৈন্যদলকে ছিন্নভিন্ন করিয়া দিয়াছিলেন— যে তাঁতিয়াটোপী কতকগুলি বিক্ষিপ্ত সৈন্যদল লইয়া, যথোচিত অস্ত্র নাই, আহার নাই, অর্থ নাই, অথচ ভারতবর্ষে বিদেশীয় শাসন বিচলিতপ্রায় করিয়াছিলেন— যদিও তাঁহাদের কার্য লইয়া গৌরব করিবার আশা দিগের অধিকার নাই, তথাপি তাঁহাদের বীর্যের, উত্তমের, জলন্ত উৎসাহের প্রশংসা না করিয়া থাকিতে পারি না।

কিন্তু ভারতবর্ষের কী দুর্ভাগ্য, এমন-সকল বীরেরও জীবনী-বিদেশীয়দের পক্ষপাতী ইতিহাসের পৃষ্ঠা হইতে সংগ্রহ করিতে হয়।

সিপাহি-যুদ্ধের সময় রাসেল টাইম্‌স্ পত্রে লিখেন যে, 'তাঁতিয়াটোগী মধ্য-ভারতবর্ষকে বিপর্যস্ত করিয়া তুলিয়াছিলেন, বড়ো বড়ো থানা ও ধনাগার লুণ্ঠ করিয়াছেন, অস্ত্রাগার শূন্য করিয়াছেন, বিক্ষিপ্ত সৈন্যদল সংগ্রহ করিয়াছেন, বিপক্ষসৈন্য বলপূর্বক তাঁহার সমুদয় অপহরণ করিয়া লইয়াছে, আবার যুদ্ধ করিয়াছেন, পরাজিত হইয়াছেন, পুনরায় ভারত-বর্ষীয় রাজাদিগের নিকট হইতে কামান লইয়া যুদ্ধ করিয়াছেন, বিপক্ষ-সৈন্তেরা পুনরায় তাহা অপহরণ করিয়া লইয়াছে, আবার সংগ্রহ করিয়াছেন, আবার হারাইয়াছেন। তাঁহার গতি বিদ্যুতের ন্যায় দ্রুত।

সপ্তাহ ধরিয়া তিনি প্রত্যহ কুড়ি-পঁচিশ ক্রোশ ভ্রমণ করিয়াছেন, নর্মদা এ পার হইতে ও পার, ও পার হইতে এ পার ক্রমাগত পার হইয়াছেন। তিনি কখনো আমাদের সৈন্তশ্রেণীর মধ্য দিয়া, কখনো পার্শ্ব দিয়া, কখনো সম্মুখ দিয়া, সৈন্ত লইয়া গিয়াছেন। পর্বতের উপর দিয়া, নদী অতিক্রম করিয়া, শৈলপথে, উপত্যকায়, জলার মধ্য দিয়া, কখনো সম্মুখে, কখনো পশ্চাতে, কখনো পার্শ্বে, কখনো তির্যক্ ভাবে চলিয়াছেন। ডাকগাড়ির উপর পড়িয়া, চিঠি অপহরণ করিয়া, গ্রাম লুঠিয়া, কখনো বা সৈন্ত চালনা করিতেছেন, কখনো বা পরাজিত হইয়া পলাইতেছেন, অথচ কেহ তাঁহাকে ধরিতে ছুঁইতে পারিতেছে না।' এই অসামান্য বীর যখন পার্বানের জঙ্গলের মধ্যে ঘুমাইতেছিলেন তখন মানসিংহ



বিশ্বাসঘাতকতা করিয়া তাঁহাকে শত্রুহস্তে সমর্পণ করিয়াছিল। গুরুভার শৃঙ্খলে আবদ্ধ হইয়া, মৈনিক-বিচারালয়ে আহৃত হইয়া তিনি ফাঁসিকাঠে আরোহণ করিলেন। মৃত্যু পর্যন্ত তাঁহার প্রকৃতি নির্ভীক ও প্রশান্ত ছিল। তিনি বিচারের প্রার্থনা করেন নাই, তিনি বলিয়াছিলেন যে, 'আমি বৃটিশ গবর্নমেন্টের হস্তে মৃত্যু ভিন্ন অন্য কিছুই আশা করি না। কেবল এইমাত্র প্রার্থনা যে, আমার প্রাণদণ্ড যেন শীঘ্রই সমাধা হয় ও আমার জন্ত যেন আমার নির্দোষী বন্দী পরিবারেরা কষ্ট ভোগ না করে।'

ইংরাজেরা যদি স্বার্থপর বণিক্ জাতি না হইতেন, যদি বীরত্বের প্রতি তাঁহাদের অকপট ভক্তি থাকিত, তবে হতভাগ্য বীরের এরূপ

বন্দীভাবে অপরাধীর গায় অপমানিত হইয়া মরিতে হইত না, তাহা হইলে তাঁহার প্রস্তরমূর্তি এতদিনে ইংলণ্ডের চিত্রশালায় শ্রদ্ধার সহিত রক্ষিত হইত। যে ঔদ্যর্ঘের সহিত আলেকজান্ডার পুরুরাজের ক্ষত্রিয়োচিত স্পর্ধা মার্জনা করিয়াছিলেন সেই ঔদ্যর্ঘের সহিত তাঁতিয়াটোপীকে ক্ষমা করিলে কি সভ্যতাভিমानी ইংরাজ জাতির পক্ষে আরো গৌরবের বিষয় হইত না? যাহা হউক, ইংরাজেরা এই অসামান্য ভারতবর্ষীয় বীরের শোণিতে প্রতিহিংসারূপ পশুপ্রবৃত্তি চরিতার্থ করিলেন।

আমরা সিপাহি-যুদ্ধ-সময়ের আরো অনেক বীরের নামোল্লেখ করিতে পারি যাহারা ইউরোপে জন্মগ্রহণ করিলে, ইতিহাসের পৃষ্ঠায়, কবির সংগীতে, প্রস্তরের প্রতিমূর্তিতে, অভভেদী স্মরণস্তম্ভে, অমর হইয়া

থাকিতেন। বৈদেশিকদের লিখিত ইতিহাসের এক প্রান্তে তাঁহাদের  
জীবনীর দুই-এক ছত্র অনাদরে লিখিত রহিয়াছে, ক্রমে ক্রমে কালের  
শ্রোতে তাহাও ধৌত হইয়া যাইবে এবং আমাদের ভবিষ্যৎবংশীয়দের  
নিকট তাঁহাদের নাম পর্যন্ত অজ্ঞাত থাকিবে।

শংকরপুরের রানা বেণীমাধু লর্ড ক্লাইভের আগমনে নিজে দুর্গ  
পরিত্যাগ করিলেন এবং তাঁহার ধনসম্পত্তি অল্পচরবর্গ কামান ও  
অস্ত্রপূরচারিণী স্ত্রীলোকদিগকে সঙ্গে লইয়া অশোধ্যার বেগম ও বির্জিস  
কাদেরের সহিত যোগ দিলেন। তিনি তাঁহাদিগকেই আপনার অধিপতি  
বলিয়া জানিতেন, এই নিমিত্ত তাঁহাদিগকে রাজার শ্রায় মান্য করিবেন  
বলিয়া প্রতিজ্ঞা করিয়াছিলেন। জীবনের শেষ দিন পর্যন্ত তাঁহার এই

প্রতিজ্ঞা পালন করিয়াছিলেন। ব্রিটিশ গবর্নমেন্ট তাঁহাকে তাঁহার রাজ্য প্রত্যর্পণ করিতে চাহিলেন, তাঁহাকে মৃত্যুদণ্ড হইতে অব্যাহতি দিবেন বলিয়া অঙ্গীকার করিলেন, তাঁহার ক্ষতি পূরণ করিতে প্রস্তুত হইলেন এবং তাঁহার কষ্টের কারণ অমূল্যমান করিবেন বলিয়া স্বীকৃত হইলেন, কিন্তু রাজা সমুদয় প্রস্তাব তুচ্ছ করিয়া বেগম ও তাঁহার পুত্রের জন্ম টেরাই প্রদেশে আশ্রয়হীন ও রাজ্যহীন হইয়া ভ্রমণ করিতে লাগিলেন। বেগীমাধু জীবনের বিনিময়েও তাহার প্রতিজ্ঞা ভঙ্গ করেন নাই এবং ইংরাজদের হস্তে কোনো মতে আত্মসমর্পণ করেন নাই। রাজপুত্র বীর নহিলে আপনার প্রতিজ্ঞা পালনের জন্ম কয়জন লোক একরূপ ত্যাগ স্বীকার করিতে পারে ?

রাজার রাজপুত্র অধিপতি নৃপংসিং খঞ্জ ছিলেন। তিনি যুদ্ধের সময় প্রতিজ্ঞা করিয়াছিলেন যে, 'ঈশ্বর আমার একটি অঙ্গ লইয়াছেন, অবশিষ্ট অঙ্গগুলি আমার দেশের জন্ত দান করিব।'

কিন্তু আমরা সর্বাপেক্ষা বীরাজনা ঝান্সীর রানী লক্ষ্মীবাইকে ভক্তি-পূর্বক নমস্কার করি। তাঁহার ষথার্থ ও বিস্তারিত ইতিহাস পাওয়া দুষ্কর, অনুসন্ধান করিয়া যাহা পাওয়া গেল তাহাই লিপিবদ্ধ করিয়া পাঠক-দিগকে উপহার দিলাম।

লর্ড ড্যালহুসী ঝান্সী রাজ্য ইংরাজ-শাসনভুক্ত করিলেন, এবং ঝান্সীর রানী লক্ষ্মীবাইয়ের জন্ত অহুগ্রহ করিয়া উপজীবিকা-স্বরূপ ষৎ-সামান্য বৃত্তি নির্ধারিত করিয়া দিলেন। এই স্বল্প বৃত্তি রানীর গল্পম

রক্ষার পক্ষে যথেষ্ট ছিল না, এই নিমিত্ত তিনি প্রথমে গ্রহণ করিতে  
অস্বীকৃত হন, অবশেষে অগত্যা তাঁহাকে গ্রহণ করিতে হইল। কিন্তু  
ইংরাজ কর্তৃপক্ষীয়েরা ইহাতেই ক্ষান্ত হইলেন না, লক্ষ্মীবান্ধবের মৃত  
স্বামীর ষাহাকিছু ঋণ ছিল তাহা রানীর জীবিকা হইতে পরিশোধ  
করিতে লাগিলেন। রানী ইহাতে আপত্তি করিলেন, কিন্তু তাহা গ্রাহ্য  
হইল না। ইংরাজেরা তাহার রাজ্যে গোহত্যা আরম্ভ করিল, ইহাতে  
রাজ্ঞী ও নগরবাসীরা অত্যন্ত অসন্তুষ্ট হইয়া ইহার বিরুদ্ধে আবেদন  
করিল, কিন্তু তাহাও গ্রাহ্য হইল না।

এইরূপে রাজ্যহীনা, সম্পত্তিহীনা, অভিমানিনী রাজ্ঞী নিষ্ঠুর অপमानে  
মনে মনে প্রতিহিংসার অগ্নি পোষণ করিতে লাগিলেন এবং যেমন

শুনিলেন কোম্পানির সৈনিকেরা বিদ্রোহী হইয়া উঠিয়াছে, অমনি তাঁহার অপমানের প্রতিশোধ দিবার জন্য সুকুমার দেহ রণসজ্জায় সজ্জিত করিলেন। লক্ষ্মীবাঈ অত্যন্ত সুন্দরী ছিলেন। তাঁহার বয়সক্রম বিংশতি বৎসরের কিছু অধিক, তাঁহার দেহ যেমন বলিষ্ঠ মনও তেমনি দৃঢ় ছিল।

রাজ্ঞী অতিশয় তীক্ষ্ণবুদ্ধিসম্পন্ন ছিলেন। রাজ্যপালনের জটিল ব্যাপার-সকল অতি সুন্দররূপে বুঝিতেন। ইংরাজ কর্মচারিগণ তাঁহাদের জাতিগত স্বভাব-অনুসারে এই হুতরাজ্য রাজ্ঞীর চরিত্রে নানাবিধ কলঙ্ক আরোপ করিলেন, কিন্তু এখনকার ঐতিহাসিকেরা স্বীকার করেন যে তাহার একবর্ণও সত্য নহে।

ঝালী নগরী অতিশয় পরিপাটী পরিচ্ছন্ন, উহা দৃঢ় প্রাচীরে পরি-  
বেষ্টিত, এবং বৃহৎ বৃহৎ বৃক্ষের কুঞ্জ ও সরোবরে সেই-সকল প্রাচীরের  
চতুর্দিক স্নশোভিত ছিল। একটি উচ্চ শৈলের উপর দৃঢ়ত্ববুদ্ধ রাজপ্রাসাদ  
দাঁড়াইয়া আছে। নগরীতে বাণিজ্যব্যবসায়ের প্রাদুর্ভাব ছিল বলিয়া  
অনেক ইংরাজ অধিবাসী সেখানে বাস করিত। কাপ্তেন ডানুলপের হস্তে  
ঝালী নগরীর রক্ষাভার ছিল। ভারতবর্ষে যখন বিদ্রোহ জলিয়া উঠিয়াছে  
তখন ইংরাজ কর্তৃপক্ষীয়েরা তাঁহাকে সতর্ক হইতে পরামর্শ দেন, কিন্তু  
ঝালীর শাস্ত অবস্থা দেখিয়া তিনি তাহা হাসিয়া উড়াইয়া দিলেন।

এই প্রশান্ত ঝালী রাজ্যে বিধবা রাজ্ঞী ও তাঁহার ভৃত্যবর্গের  
উত্তেজনায় ভিতরে ভিতরে একটি বিষম বিপ্লব ধুমায়িত হইতেছিল।



সহসা একদিন স্তব্ধ আশ্বেয়গিরির জায়' মীরব আলী নগরীর মর্মস্থল হইতে বিদ্রোহের অগ্নিস্রাব উদ্গীরিত হইল ।

প্রকাশ্য দিবালোকে কান্টনমেন্টের মধ্যে দুইটি ডাকবাংলা বিদ্রোহীরা দগ্ধ করিয়া ফেলিল, যেখানে বারুদ ও ধনাগার রক্ষিত ছিল সেখান হইতে বিদ্রোহীদের বন্দুক-ধ্বনি শ্রুত হইল, একদল সিপাহী ঐ দুর্গ অধিকার করিয়াছে, তাহারা উহা কোনোমতে প্রত্যর্পণ করিতে চাহিল না । ইউরোপীয়েরা আপনাপন পরিবার ও সম্পত্তি লইয়া নগরী-দুর্গে আশ্রয় লইল । ক্রমে ক্রমে সৈন্যেরা স্পষ্ট বিদ্রোহী হইয়া অধিকাংশ ইংরাজ সেনানায়কদিগকে নিহত করিল । বিদ্রোহীগণ দুর্গে উপস্থিত হইল ।

ক্যাপ্টেন ডান্‌লপ হিন্দু সৈন্যদিগকে নিরস্ত্র করিতে আদেশ করিলেন, কিন্তু তাহারা সেইখানেই তাঁহাকে বন্দুকে হত করিল। দুর্গস্থ সৈন্যদের সহিত বুদ্ধ উপস্থিত হইল। মধ্যাহ্নে বিদ্রোহী সৈন্যেরা দুর্গের নিম্ন অংশ অধিকার করিয়া লইল। পরাজিত ইংরাজ সেনারা বিদ্রোহী সেনাদের হস্তে আত্মসমর্পণ করিল, কিন্তু উন্নত সৈন্যেরা তাহাদিগকে নিহত করিল। এই নিধনকার্যে রাজ্যের কোনো হস্ত ছিল না, এমন-কি এ সময়ে রাজ্যের কোনো অস্থচরও উপস্থিত ছিল না। যখন রাজ্যে একটিও ইংরাজ অবশিষ্ট রহিল না তখন রাজ্য এই অগ্নায়কারীদিগকেও রাজ্য হইতে বহিষ্কৃত করিয়া দিলেন। এক্ষণে কথা উঠিল, কে রাজ্য অধিকার করিবে? রাজ্যী সিংহাসনে অধিরোহন করিলেন ; সদাশিব রাও নামে একজন ঐ

রাজ্যের প্রার্থী কুরারা দুর্গ অধিকার করিল। পরে রাজ্যের সৈন্যকর্তৃক তাড়িত হইয়া সিন্ধিয়া-রাজ্যে পলায়ন করিল। এইরূপে ইংরাজেরা ছিন্ন-বিচ্ছিন্ন হত ও তাড়িত হইলে পর ১৮৫৭ খৃ. অব্দে লক্ষ্মীবান্ধী স্ত্রী সিংহাসনে পুনরায় আরোহন করিলেন। কিছুকাল রাজত্ব করিয়া লক্ষ্মীবান্ধী ১৮৫৮ খৃস্টাব্দে পুনরায় ইংরাজ সৈন্যদের সহিত যুদ্ধে প্রবৃত্ত হইলেন।

ইংরাজ সেনানায়ক সার হিউ রোজ সৈন্যদল সমভিব্যাহারে ঝাঙ্গী নগরীতে আসিয়া উপস্থিত হইলেন। প্রস্তরময় নগর-প্রাচীরে ব্রিটিশ কামান গোলা-বর্ষণ আরম্ভ করিল। দুর্গস্থ লোকেরা আক্রমণ প্রতিরোধের জন্য প্রাণপণে চেষ্টা করিতে লাগিল। পুরমহিলাগণ দুর্গপ্রাকার হইতে কামান ছুড়িতে আরম্ভ করিল এবং সৈন্যদের খাড়া দি বন্টন করিতে

লাগিল, এবং সশস্ত্র ফকিরগণ নিশান হস্তে লইয়া জয়ধ্বনি করিতে লাগিল ।

৩১শে মার্চ রানী দেখিলেন, তাঁতিয়াটোপী ও বানপুরের রাজা অল্প-সংখ্যক সৈন্যদল লইয়া ইংরাজ-শিবির-পার্শ্বে নিবেশ স্থাপন করিয়া সংকেত-অগ্নি প্রজ্জ্বলিত করিয়া দিয়াছেন । হর্ষধ্বনি ও তোপের শব্দে ঝান্সী দুর্গ প্রতিধ্বনিত হইয়া উঠিল । তাহার পরদিন ইংরাজ সৈন্যদের সহিত তাঁতিয়াটোপীর ঘোরতর যুদ্ধ বাধিল, এই যুদ্ধে তাঁতিয়াটোপীর ১৫০০ সৈন্য হত হইল এবং তিনি পরাজিত হইয়া বেতোয়ার পরপারে পলায়ন করিলেন ।

যুদ্ধে প্রত্যহ রাজ্যীর পঞ্চাশ-বাট জন করিয়া লোক মরিতে লাগিল ।

তঁাহার সর্বোৎকৃষ্ট কামানগুলির মুখ বন্ধ করা হইয়াছে এবং ভালো ভালো গোলন্দাজেরা হত হইয়াছে ।

ক্রমে ইংরাজ সৈন্তেরা গোলার আঘাতে নগর-প্রাচীর ভেদ করিল এবং প্রাসাদ ও নগরীর প্রধান প্রধান অংশ অধিকার করিল । প্রাসাদের মধ্যে ঘোরতর সম্মুখযুদ্ধ বাধিল । রানীর শরীররক্ষকদের মধ্যে চল্লিশ জন অশ্বশালার সম্মুখে দাঁড়াইয়া প্রাণপণে যুদ্ধ করিতে লাগিল । আহত সৈন্তেরা মুম্বু অবস্থাতেও ভূতলে পড়িয়া অস্ত্রচালনা করিতে লাগিল । একে একে ৩২ জন হত হইলে অবশিষ্ট একজন বাকুদে আগুন লাগাইয়া দিল, আপনি উড়িয়া গেল ও অনেক ইংরাজ সৈন্তও সেই সন্ধে হত হইল ।

রাজেই রাজ্জী কতকগুলি অমুচরের সহিত দুর্গ পরিত্যাগ করিয়া গিয়াছিলেন, শক্ররা তাহার পশ্চাৎ পশ্চাৎ অমুসরণ করিয়াছিল এবং আর একটু হইলেই তাঁহাকে ধরিতে সক্ষম হইত। লেপ্টনেণ্ট বাউকর অশ্বারোহী সৈন্যদলের সহিত ঝাঙ্গী হইতে দশ ক্রোশ পর্যন্ত রাজ্জীর অমুসরণ করিয়াছিলেন। অবশেষে দেখিলেন, অশ্বারোহী লক্ষ্মীবাঈ চারিজন অমুচরের সহিত গমন করিতেছেন; বহুসৈন্যবোষ্টিত বাউকর এই চারিজন অশ্বারোহী-কর্তৃক এমন আহত হইলেন যে, আর অগ্রসর হইতে পারিলেন না। এই সময়ে তাঁতিয়াটোপী কতকগুলি সৈন্য লইয়া রানীর রক্ষক হইলেন।

চউঠা এপ্রিলে ইংরাজেরা সমস্ত ঝাঙ্গী নগরী অধিকার করিয়া

লইল। সৈনিকেরা নগরে দারুণ হত্যা আরম্ভ করিল, কিন্তু নগরবাসীরা কিছুতেই নত হইল না। পাঁচ সহস্রেরও অধিক লোক ব্রিটিশ বেয়নেটে বিদ্ধ হইয়া নিহত হইল। নগরবাসীরা শত্রুহস্তে আত্মসমর্পণ করা অপমান ভাবিয়া স্বহস্তে মরিতে লাগিল। অসভ্য ইংরাজ সৈনিকেরা স্ত্রীলোকদের প্রতি নিষ্ঠুর অত্যাচার করিবে জানিয়া পৌরজনেরা স্বহস্তে স্ত্রীকন্যাগণকে বিনষ্ট করিয়া মরিতে লাগিল।

রাও সাহেব পেশোয়া-বংশের শেষ বাজিরাওর দ্বিতীয় পোস্তপুত্র। তিনি, তাঁতিয়াটোপী ও ঝাঙ্গী-রানী বিক্ষিপ্ত সৈন্যদল সংগ্রহ করিয়া ব্রিটিশদিগকে প্রতিরোধ করিবার জন্য কুঞ্চ নগরে সৈন্য স্থাপন করিলেন। অবিরল কামান বর্ষণ করিয়া হিউ রোজ তাঁহাদের তাড়াইয়া দিল।

চারি ক্রোশ রানীর পশ্চাৎ পশ্চাৎ তাড়না করিয়া সেনাপতি চারিবার ঘোড়ার উপর হইতে মুছিত হইয়া পড়েন ।

অবশেষে লক্ষ্মীবান্ধু কালীতে আসিয়া উপস্থিত হইলেন এবং তাঁহার এই শেষ অস্ত্রাগার রক্ষার জন্ত প্রাণপণে চেষ্টা করিলেন । মনে করিয়াছিলেন রাজপুতেরা যোগ দিবে, কিন্তু তাহারা দিল না । ব্রিটিশ সৈন্যেরা একত্র হইয়া আক্রমণ করিল, অদৃঢ় দুর্গ কালীতে রাজ্যীর সৈন্য আর তিষ্ঠিতে পারিল না ।

কুঞ্ঝের পরাজয়ের পর তাঁতিয়াটোপী যে কোথায় অদৃশ্য হইয়া গেলেন কেহ জানিতে পারিল না । তিনি এখন গোয়ালিয়রের বাজারে প্রচ্ছন্নভাবে ইংরাজদের মিত্ররাজা সিদ্ধিয়াকে সিংহাসনচ্যুত করিবার



ষড়যন্ত্র করিতেছিলেন। তাঁতিয়াটোপী অধিবাসীদিগকে উত্তেজিত করিতে অনেকটা কৃতকার্য হইলে পর রাজ্যীকে সংবাদ দিলেন। রাজ্যী গোপালপুর হইতে রাজাকে বলিয়া পাঠাইলেন যে, তাঁহারা রাজার সহিত শক্রতা করিতে যাইতেছেন না তবে কিছু অর্থ ও খাড়াদি পাইলেই তাঁহারা দক্ষিণে চলিয়া যাইবেন, রাজা তাঁহাদের যেন বাধা না দেন, কারণ বাধা দেওয়া অনর্থক। গোয়ালিয়রের লোকেরা ইংরাজ-বিরুদ্ধে উত্তেজিত হইয়াছে। তাঁহারা তাহাদের নিকট হইতে দুইশত আহ্বানপত্র পাইয়াছেন। কিন্তু ইংরাজ-ভক্ত সিদ্ধিয়া তাহাতে অসম্মত হইলেন।

রাও ও রানী দৃঢ়স্বরে তাঁহাদের অস্থচরদিগকে সম্বোধন করিয়া কহিলেন, 'আমরা বোধ হয় নাগরিকদিগের নিকট হইতে কোনো বাধা

প্রাপ্ত হইব না, যদি বা পাই তবে তোমাদের ইচ্ছা হয় তো পলাইও, কিন্তু আমরা মরিতে প্রস্তুত হইয়াছি।’

পয়লা জুনে সিঙ্কিয়া ৮০০০ লোক ও ২৪টি কামান লইয়া বিদ্রোহী-দিগকে আক্রমণ করিলেন। কিন্তু মুহূর্তের মধ্যে তাঁহার সৈন্যদল ছিন্ন-বিচ্ছিন্ন হইয়া গেল। সিঙ্কিয়া তাঁহার শরীররক্ষকদিগকে যুদ্ধে প্রবৃত্ত করাইলেন, কিন্তু তাহারা হত ও আহত হইল। সিঙ্কিয়া অশ্বারোহণে আগ্রার দিকে পলায়ন করিলেন। মহারানীর মাতা ‘গুজ্জারাজা’ সিঙ্কিয়া বিদ্রোহীদের হস্তে বন্দী হইয়াছেন মনে করিয়া, কৃপাণ লইয়া অশ্বারোহণে তাঁহাকে মুক্ত করিতে গেলেন; অবশেষে সিঙ্কিয়া পলায়ন করিয়াছেন শুনিয়া নিবৃত্ত হইলেন। ঝাঙ্গী-রাঙ্গীর সৈন্যগণ সিঙ্কিয়ার রাজকোষ

হস্তগত করিল এবং তাহা হইতে রানী সৈন্যদের ছয় মাসের বেতন চূকাইয়া দিলেন ও নগরবাসীদিগকে পুরস্কার-দানে মস্তুষ্ট করিলেন । কিন্তু তাঁতিয়াটোপী ও রাজ্ঞী দুর্গরক্ষার কিছুমাত্র আয়োজন করেন নাই ; তাঁহারা প্রকাশ্য ক্ষেত্রেই সৈন্য স্থাপন করিয়াছিলেন ; সমুদায় বন্দোবস্ত রানী একাকীই সম্পন্ন করিতেছিলেন । তিনি সৈনিকের বেশ পরিয়া, যে রৌদ্রে ইংরাজ সেনাপতি চারিবার মূর্ছিত হইয়া পড়েন সেই রৌদ্রে অপরিশ্রান্তভাবে মুহূর্ত বিশ্রাম না করিয়া অশ্বরোহণে এখানে ওখানে পরিভ্রমণ করিয়া বেড়াইতেছেন ।

সাব্ব হিউ রোজ যখন শুনিলেন যে গোয়ালিয়র শত্রুহস্তগত হইয়াছে, তখন সৈন্যদল সংগ্রহ করিয়া রাজ্ঞী-সৈন্যের দুর্বল ভাগ আক্রমণ করিলেন ।

ঘোরতর যুদ্ধ বাধিল। সেই যুদ্ধের দারুণ বিপ্লবের মধ্যে রাজ্ঞী অসি-  
হস্তে ইতস্তত অশ্বচালনা করিতেছেন। রাজ্ঞীর সৈন্তেরা ভয় দিল ;  
বিপক্ষ সৈন্তদের গুলিতে রাজ্ঞী অত্যন্ত আহত হইলেন। তাঁহার অশ্ব  
সম্মুখে একটি খাত দেখিয়া কোনোমতে উহা উল্লঙ্ঘন করিতে চাহিল না ;  
লক্ষ্মীবান্দিয়ের স্বন্ধে বিপক্ষের তলবারের আঘাত লাগিল, তথাপি তিনি  
অশ্বপরিচালনা করিলেন। তাঁহার পার্শ্ববর্তিনী ভগিনীর মস্তকে তলবারের  
আঘাত লাগিল এবং উভয়ে পাশাপাশি রণক্ষেত্রে পতিত হইলেন। এই  
ভগিনী যুদ্ধের সময়ে কোনোক্রমে রাজ্ঞীর পার্শ্ব পরিত্যাগ করেন নাই,  
অবিশ্রান্ত তাঁহারই সহযোগিতা করিয়া আসিয়াছেন। কেহ কেহ বলে যে,  
তিনি রাজ্ঞীর ভগিনী নহেন, তিনি তাঁহার স্বামীর উপপত্নী ছিলেন।

ইংরাজী ইতিহাস হইতে আমরা রাজীর এইটুকু জীবনী সংগ্রহ  
করিয়াছি। আমরা নিজে তাঁহার যেরূপ ইতিহাস সংগ্রহ করিয়াছি  
তাঁহা ভবিষ্যতে প্রকাশ করিবার বাসনা রহিল।

—

প্রকাশ : ভারতী : অগ্রহায়ণ ১২৮৪  
গ্রন্থে সংকলন : ইতিহাস : ২২ খ্রাবণ ১৩৬২

প্রকাশক শ্রীপুলিনবিহারী সেন  
বিষভারতী । ৬/৩ হারকানাথ ঠাকুর লেন । কলিকাতা

মুদ্রক শ্রীপ্রভাতকুমার চট্টোপাধ্যায়  
ক্যাশ প্রেস । ৩০ কর্নওয়ালিস স্ট্রীট । কলিকাতা